

রাজধানীর শ্যামলীস্থ পিসি কালচার ভবন মার্কেটে অবৈধ ও নকল মোবাইল হ্যান্ডসেট এর বিরুদ্ধে পরিচালিত অভিযান সংক্রান্ত তথ্য।

বিটিআরসির পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট জনাব এম. এ তালেব হোসেন এর তত্ত্ববধানে জনাব এস এম গোলাম সরোয়ার, উপ-পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট এর নেতৃত্বে ইএন্ডআই এবং এসএম বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত পরিদর্শকদল গত ২৮/০২/২০২২ তারিখে আদাবর থানার পুলিশ সদস্যগণের সহায়তায় রাজধানীর শ্যামলীস্থ পিসি কালচার ভবন মার্কেটে নকল ও বিটিআরসির অনুমোদনবিহীন এবং রাজস্ব ফাঁকি দিয়ে আমদানি করা অবৈধ মোবাইল হ্যান্ডসেট বিক্রয়কারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে।

উক্ত অভিযানে বিভিন্ন ব্র্যান্ডের সর্বমোট ১১১ (একশত এগার) টি অবৈধ ও নকল মোবাইল হ্যান্ডসেট জব্দ করা হয় যার বাজার মূল্য আনুমানিক ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা। অবৈধ ও নকল মোবাইল হ্যান্ডসেট বাজারজাত এবং বিক্রয় করার অপরাধে রাজধানীর আদাবর থানায় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী মামলা দায়ের করা হয়েছে। একরূপ অভিযান কার্যক্রম চলমান থাকবে এবং জনসাধারণকে বিটিআরসির নির্দেশনা অনুযায়ী বৈধ মোবাইল সেট ক্রয় করার জন্য অনুরোধ করা হলো।

